গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০০৮.২৪- ১০৪

তারিখ ঃ ২৮ মাঘ, ১৪৩০বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২৪খ্রি:

বাংলা ১৪৩১ সনের জন্য হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছরের জন্য সরকারী নীতিমালা অনুযায়ী ইজারা প্রদানের নিমিত্ত আরোপিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আগ্রহী দরপত্রদাতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালনি সময়ে জানা যাবে।

| ক্রঃ নং | হাটের নাম | ইউনিয়নের নাম | ১৪৩১ সনের সম্ভাব্য সরকারী মূল্য | দরপত্র মূল্য | দরপত্র ক্রয়ের শেষ তারিখ (অফিস চলকানীন সময়) | দরপত্র দাখিলের তারিখ(সকাল ১০.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত | দরপত্র প্রাপ্তির স্থান | দরপত্র দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | বড়ভিটা হাট-বাজার | বড়ভিটা | ৩৫২৩৬০ | ১,৪০০/- | প্রথম বার ২৭/০২/২০২৪<br>দ্বিতীয় বার ১৮/০৩/২০২৪<br>তৃতীয় বার ৩১/০৩/২০২৪ | প্রথম বার ২৮/০২/২০২৪<br>দ্বিতীয় বার ১৯/০৩/২০২৪<br>তৃতীয় বার ০১/০৪/২০২৪ | ১। জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী,<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ,<br>৩। সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এবং<br>৪। কিশোরগঞ্জ থানা<br>৫। সোনালী ব্যাংক লিঃ কিশোরগঞ্জ শাখা, কিশোরগঞ্জ, নীলফামারী। | ১। জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী,<br>২। পুলিশ সুপারের কার্যালয়, নীলফামারী,<br>৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ, | ৫,৬,৭,৮ ও ৯ নং কলাম সকল হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য |
| ২ | খোকার বাজার | পুটিমারী | ৮৪৮০ | ৫০০/- | | | | | |
| ৩ | কালিকাপুর হাট | " | ১৩৭৪৫ | ৫০০/- | | | | | |
| ৪ | মুশরত পানিয়াল পুকুর হাট | নিতাই | ৫৬২৯ | ৫০০/- | | | | | |
| ৫ | মৌলভীর হাট | " | ( বিজ্ঞ আদালতে মামলা চলমান হেতু নিলাম কার্যক্রম স্থগিত) | -- | | | | | |
| ৬ | ছলিমের বাজার | " | ১০৩৫৩ | ৫০০/- | | | | | |
| ৭ | তেতুল তলা হাট | " | ১৩১৯৭ | ৫০০/- | | | | | |
| ৮ | নিতাই হাট | " | ২৬৫৩ | ৫০০/- | | | | | |
| ০৯ | পানিয়াল পুকুর কাচারীর হাট | " | ১৭৯৯১ | ৫০০/- | | | | | |
| ১০ | নয়ানখাল হাট | বাহাগিলী | ২৫৯৭ | ৫০০/- | | | | | |
| ১১ | কেল্লাবাড়ী হাট | চাঁদখানা | ১৫৮৭৮৮ | ১,০০০/- | | | | | |
| ১২ | চাঁদখানা বুড়ির হাট | " | ৯১৫ | ৫০০/- | | | | | |
| ১৩ | চাঁদখানা নতুন হাট(হাট বসে না) | " | ৩১৮ | ৫০০/- | | | | | |
| ১৪ | কিশোরঞ্জ হাট-বাজার | কিশোরগঞ্জ | ২৩৯৭৪৯৫ | ৫,৪০০/- | | | | | |
| ১৫ | অবিলের বাজার | রনচন্ডী | ৯১৯০২ | ৫০০/- | | | | | |
| ১৬ | গাড়াগ্রাম হাট-বাজার | গাড়াগ্রাম | ১৬২১৭৮৪ | ৪,০০০/- | | | | | |
| ১৭ | টেপার হাট | " | ৮৮৯৩৪ | ৫০০/- | | | | | |
| ১৮ | ধরেয়ার বাজার | " | ৩৯৪৭৯ | ৫০০/- | | | | | |
| ২৯ | গণেশের বাজার | " | ৩৪৯৬ | ৫০০/- | | | | | |
| ২০ | মাগুড়া হাট | মাগুড়া | ৪১৯৪৯ | ৫০০/- | | | | | |
| ২১ | পীরের হাট | " | ২৬৬৪৩ | ৫০০/- | | | | | |
| ২২ | পারের হাট | " | ৯৮১৪৩ | ৫০০/- | | | | | |
| ২৩ | বাংলা বাজার | " | ৭০৬৭ | ৫০০/- | | | | | |

22/2/24

(এম এম আশিক রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

চলমান পাতা

## বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

০২। দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০%(শতকরা ত্রিশভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ,নীলফামারী এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত ভাবে হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীকে ফেরৎ দেয়া হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গ্রহণ সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একইসংগে পরিশোধ করতে হবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্ট ভাবে লিখতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১/২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ,নীলফামারী।

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০০৮.২৪-১০৪

তারিখ ঃ ২৮ মাঘ, ১৪৩০বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২৪খ্রি:

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ**

০১। জেলা প্রশাসক, নীলফামারী ।

০২। পুলিশ সুপার, নীলফামারী।

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ), নীলফামারী।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কিশোরগঞ্জ, নীলফামারী।

০৫। উপজেলা নির্বাহী অফিসার..................................নীলফামারী।

০৬। সহকারী কমিশনার(ভূমি), কিশোরগঞ্জ, নীলফামারী।

০৭। উপজেলা.........................................কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।

০৮। অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী।

০৯। ব্যবস্থাপক,..............................................ব্যাংক, কিশোরগঞ্জ শাখা ।

১০। সহকারী প্রোগামার, আইসিটি বিভাগ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ, তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। চেয়ারম্যান, ..........................................ইউপি(সকল), কিশোরগঞ্জ, নীলফামারী।

১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................ইউনিয়ন ভূমি অফিস, কিশোরগঞ্জ, নীলফামারী। তাঁকে বিজ্ঞপ্তিটি জন সমাগম স্থানে লটকানো এবং সংশ্লিষ্ট হাট-বাজারে ব্যাপক প্রচার করার জন্য বলা হলো।

১২। ইজারাদার..............................................................১৪৩০ বাংলা সন..........................হাট-বাজার, কিশোরগঞ্জ ।

১৩। /ম্যানেজার/বিজ্ঞাপন ম্যানেজার,...................................................................................... পত্রিকা। তাকে তার পত্রিকায় বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় ৪"x৪" ইঞ্চি কলামে বর্ণিত বিজ্ঞপ্তি ০১ দিনের জন্য প্রচারের অনুরোধ করা হলো ।

১৪। সভাপতি/সম্পাদক,...................................................প্রেস ক্লাব/বনিক সমিতি/ঠিকাদার সমিতি, কিশোরগঞ্জ, নীলফামারী।

১৫। জনাব.......................................................................................................................

১১/২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।